

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, মানিকগঞ্জ।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং যেহেতু ফৌজদারী কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান অনুযায়ী উক্ত আসামীর বিরুদ্ধে আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং যেহেতু অত্র ট্রাইব্যুনালের এই মর্মে বিশ্বাস করিবার যুক্তিসংগত কারণ রহিয়াছে যে, নিম্ন বর্ণিত আসামী, তাহার গ্রেফতার বা তাহার বিচারের জন্য সোপর্দকরণ এড়ানোর জন্য পলাতক রহিয়াছে এবং যেহেতু তাহাকে আশু গ্রেফতার করার কোন সম্ভাবনা নাই।

সেহেতু, ক্রিমিনাল 'ল' এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট ৬(১)(১-এ) ধারার অধীনে প্রাপ্ত ক্ষমতাবলে উক্ত আসামীকে তাহার নামের পার্শ্বে বর্ণিত মামলায় বিচারের সম্মুখীন হওয়ার জন্য অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ০৫ (পাঁচ) দিনের মধ্যে অত্র ট্রাইব্যুনালে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় তাহার অনুপস্থিতিতে মামলার বিচারকার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর, থানার নম্বর, ধারা
(১)	বাবু চিত্ত রঞ্জন ঘোষ, প্রধান শিক্ষক, উখলী পাইলট উচ্চ বিদ্যালয়, শিবালয়, মানিকগঞ্জ। পিতা মৃত সুকুমার সংকর ঘোষ, সাং-ভাকলা, ডাকঘর-আমডালা, থানা-শিবালয়, জেলা-মানিকগঞ্জ।	স্পেশাল মামলা নং ২/১৬ সূত্রঃ-শিবালয় ১৭(০৫)২০০২, জি আর নং ৪৫৭/২০০২, ধারাঃ ৪০৬/৪২০/৪৬৭/৪৬৮/৪৭১/২০১ দগবিঃ।

মিজানুর রহমান খান
সিনিয়র স্পেশাল জজ, মানিকগঞ্জ।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৫২৪৩)

মূল্য : টাকা ৪.০০